

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

দশম শ্রেণি

ভূগোল ও পরিবেশ

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :

১.১ অবরোধ প্রক্রিয়ায় সৃষ্ট একটি ভূমিরূপ হলো —

- ক) প্লাবনভূমি
- খ) এস্কার
- গ) গিরিখাত
- ঘ) স্বাভাবিক বাঁধ

১.২ হিমবাহ ও পর্বতগাএর মধ্যে সৃষ্ট সঙ্কীর্ণ ফাঁক হলো —

- ক) ফিয়র্ড
- খ) বার্গস্ফুন্ড
- গ) করি
- ঘ) এরিটি

১.৩ ঠিক জোড়াটি নির্বাচন করো —

- ক) লাদাখ - অঙ্গরাজ্য
- খ) পুদুচেরী - কেন্দ্রশাসিত অঞ্চল
- গ) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ - অঙ্গরাজ্য
- ঘ) হরিয়ানা - কেন্দ্রশাসিত অঞ্চল

২. শূন্যস্থান পূরণ করো :

২.১ বায়ুর _____ প্রক্রিয়ায় বালি ও পলিকণা এক স্থান থেকে অন্য স্থানে অপসারিত হয়।

২.২ _____ উপত্যকা পীরপাঞ্জাল ও উচ্চ হিমালয় পর্বতশ্রেণি দ্বারা বেষ্টিত।

২.৩ _____ মৌসুমী বায়ুর প্রভাবে ভারতে শীতকাল প্রায় শুষ্ক প্রকৃতির হয়।

৩. সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ পলল ব্যজনী কেন পর্বতের পাদদেশে সৃষ্টি হয়?

৩.২ ধাপ চাষ, ফালি চাষ ও সমোন্নতি রেখা বরাবর চাষের মাধ্যমে কীভাবে মৃত্তিকা ক্ষয় প্রতিরোধ করা সম্ভব?

৪. হিমবাহের সঞ্চয় কার্যের ফলে গঠিত বিভিন্ন প্রকার গ্রাবরেখার সচিত্র বর্ণনা দাও।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।